



## রাশিদা তালিবের মন্তব্যে কংগ্রেসের নিন্দা

ওহাইও সংবাদ

ইসরায়েলে হামাসের হামলা সম্পর্কে মিথ্যা তথ্য প্রচার এবং ইয়রয়েল রাষ্ট্রপতির আহ্বান জানানোর অভিযোগে মিশিগানের ডেমোক্রেট রাশিদা তালিবের বিরুদ্ধে নিন্দা জানিয়েছে অ্যামেরিকান হাউস অফ রিপ্রেজেন্টেটিভস।

তালিবের বিরুদ্ধে আনুষ্ঠানিক নিন্দা মঙ্গলবার রাতে কংগ্রেসের নিম্নকক্ষে ২৩৪-১৮৮ ভোটের ব্যবধানে পাস হয়। ডেট্রয়েটের কিছু অংশের প্রতিনিধিত্বকারী প্রগতিশীল এই আইনপ্রণেতাকে

(১৫-এর পৃ: দেখুন)

## শিশুদের জন্য ভয়াবহতম হামাস-ইসরায়েল যুদ্ধ

ওহাইও সংবাদ

আন্তর্জাতিক অলাভজনক সংস্থা সেভ দ্য চিলড্রেন অক্টোবরের শেষের দিকেই বলেছিল, তিন সপ্তাহেই গাজা উপত্যকায় ইসরায়েলের হামলায় নিহতের সংখ্যা সাম্প্রতিককালের বৈশ্বিক সংঘাতে শিশুসমূহের হারকে ছাড়িয়ে গেছে। অনেক ক্ষেত্রে ছাড়িয়েছে মোট সংখ্যাকেও। মঙ্গলবার রাতে বিশ্ব স্বাস্থ্য সংস্থা বলেছে, গাজায় গড়ে দিনে মারা যাচ্ছে ১৬০ শিশু। মহাসচিব আঞ্জলিও গুতেরেস বলেছেন, গাজা পরিণত হয়েছে শিশুদের কবরস্থানে।


গাজায় নিরস্তর ইসরায়েলি হামলায় সাদা কাফনে মোড়ানো হোট হোট শরীর আর তাকে ঘিরে শোকাক্ত পরিবারের সংখ্যা বেড়েই চলেছে। যুদ্ধ এক মাস পেরোলেও গাজায় ঠিক কতজন শিশু নিহত হয়েছে সেই সংখ্যাটাও শতভাগ সম্পূর্ণ নয়। তবে এ সংখ্যা চার হাজার ছাড়িয়ে গেছে। গাজার সংঘাতে শিশুসমূহের হার সাম্প্রতিক বছরগুলোতে বিশ্বের অন্য বড় সংঘাতগুলোকে স্পষ্টই ছাড়িয়ে গেছে।

গাজা :

চলমান যুদ্ধে ইসরায়েলি হামলায় অন্তত চার হাজার ১০৪ শিশু নিহত হয়েছে বলে জাতিসংঘের মানবিক সংস্থা ইউনাইটেড নেশনস ফর দ্য কো-অর্ডিনেশন অব হিউম্যানিটারিয়ান অ্যাক্শন (ওসিএইচএ) জানিয়েছে। এক মাসের সহিংসতায় এই প্রাণহানি হয়েছে। গাজার আয়তন মাত্র ৩৬৫ বর্গকিলোমিটার। বিশ্বের অন্যতম ঘনবসতিপূর্ণ এই এলাকায় ২৩ লাখ মানুষের বাস।

এখানে প্রতি বর্গকিলোমিটারে ছয় হাজার ৩০০ মানুষ বাস করে। ইউনিসেফের হিসাব অনুযায়ী, গাজার মোট জনসংখ্যার ৪৭ শতাংশই ১৮-এর নিচের শিশু-কিশোর। এ কারণেও হতাহতের মধ্যে শিশুর সংখ্যা বেশি।

ইউক্রেন : ২০২২ সালের ২৪ ফেব্রুয়ারি ইউক্রেনে পূর্ণমাত্রায় হামলা শুরু করে রাশিয়া। এক বছর আট মাসের এই সংঘাতে অনেক বেসামরিক মানুষ নিহত হয়েছে।



ইউক্রেনের সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের অনলাইন প্ল্যাটফর্ম চিলড্রেন অব ওয়ার গুয়েবসাইটের তথ্য মতে, ইউক্রেনের হতাহতদের মধ্যে ৫১০ জন শিশু। ইউক্রেনের যুদ্ধে দিনে গড়ে একটিরও কম শিশু নিহত হয়েছে।

ইরাক : ২০০৩ সালে জর্জ ডাব্লিউ বুশের শাসনামলে যুক্তরাষ্ট্র ইরাক আক্রমণ করে। ২০০৮ থেকে ২০২২ সাল পর্যন্ত ১৪ বছরে তিন হাজার ১১৯ শিশু নিহত হয়েছে বলে ইউনিসেফ জানিয়েছে।

সিরিয়া : ২০১১ সালের মার্চে ইয়েমেনে গৃহযুদ্ধ শুরু হয়। ২০১১ সালের মার্চে যুদ্ধ শুরুর পর থেকে এই বছরের মার্চ পর্যন্ত ১২ হাজার শিশু নিহত হয়েছে বলে জাতিসংঘ জানিয়েছে। প্রতিদিন গড়ে প্রায় তিনজন শিশু (১৫-এর পৃ: দেখুন)

## প্রিয় পাঠক

ওহাইও থেকে বাংলা পত্রিকা ওহাইও প্রতিষ্ঠাবার্ষিকী উদযাপন সম্প্রতি।

পাঠক ও অনুরোধে পত্রিকা ১৬ পৃষ্ঠায় উত্তীর্ণ বর্ধিত পৃষ্ঠাসহ থেকে প্রকাশনা পূর্ব নির্ধারিত হয়েছে।

আশা করছি আপনাদের সহযোগিতায় মতামত পাবে।



পদবির ম



এক নস্ট্যা

রাজনৈতিক নিজেদের সংবিধান র



## ওহাইও সংবাদের ১ম প্রতিষ্ঠা বার্ষিকী উদযাপন

ওহাইও সংবাদ

বর্ণাঢ্য আয়োজনে ওহাইও থেকে প্রকাশিত প্রথম বাংলা পত্রিকা ওহাইও সংবাদের ১ম প্রতিষ্ঠাবার্ষিকী উদযাপিত হয়েছে।

গত ২১ অক্টোবর শনিবার বিকালে ৫টায় ম্যাককনল আর্ট সেন্টার মিলনায়তনে ওহাইও সংবাদ

পত্রিকার সম্পাদক লিটন কবীরের সভাপতিত্বে প্রতিষ্ঠাবার্ষিকী উদযাপিত হয়।

প্রতিষ্ঠাবার্ষিকীর অনুষ্ঠানটি তিনটি পর্বে ভাগ করা হয়। প্রথম পর্বে আলোচনা, দ্বিতীয় পর্বে ডিনার ও তৃতীয় পর্বে সংস্কৃতিক অনুষ্ঠান। অনুষ্ঠানের শুরুতে কোরআন তেলায়াত করেন সাইফ

(১৪-এর পৃ: দেখুন)

## বিশ্ব অর্থনীতিতে তীব্র সংকট

ওহাইও সংবাদ

প্রথমত কোভিড-১৯এর বিশ্বজুড়ে ছোবল, সেই পরিস্থিতি কাটিয়ে ওঠার আগেই রাশিয়ার ইউক্রেন আক্রমণ পৃথিবীর অর্থনীতিতে তীব্র আঘাত হয়ে আসে। মুদ্রাস্ফীতি ও মূল্যস্ফীতির বিষয় দেশে দেশে নিত্যপ্রয়োজনীয় পণ্যদ্রব্যের দাম সাধারণ মানুষের নাগালের বাইরে নিয়ে যায়। সেই পরিস্থিতির অন্ধকার যখন ঘিরে ধীরে ধীরে কাটিয়ে ওঠার সম্ভাবনা দেখা যাচ্ছিল তখন আকস্মিক গাজা-ইসরায়েল যুদ্ধ নতুন আশংকার জন্ম দিয়েছে। এই যুদ্ধ ছড়িয়ে যাওয়া এবং অর্থনীতিতে তার প্রতিক্রিয়া নিয়ে যে জটিল অস্থিরতা তৈরি হতে পারে, সেই বিষয়টি নিয়ে ১ নভেম্বর নিউইয়র্ক টাইমস প্রতিবেদন ছেপেছে হিংস্র মধ্যপ্রাচ্যের যুদ্ধের ঝুঁকি ভঙ্গুর অর্থনীতির জন্য হুমকি শিরোনামে। প্রতিবেদনটির আংশিক এখানে মুদ্রিত হলো: গাজায় ইসরায়েলের অব্যাহত হামলা মধ্যপ্রাচ্যে আঞ্চলিক সংঘাতে রূপ নিতে পারে। এমনটা হলে বৈশ্বিক অর্থনীতি ঝুঁকিতে পড়বে; প্রবৃদ্ধি কমে যাবে। সেই সঙ্গে আবারও জ্বালানি ও খাদ্যপণ্যের মূল্য বাড়তে শুরু করবে। বিশেষজ্ঞরা বলছেন, গত কয়েক দশকের মধ্যে সম্ভবত বিশ্ব সবচেয়ে কঠিন সময়ের মধ্য দিয়ে যাচ্ছে। পরিস্থিতি অস্থির ও অনিশ্চিত।

নিউইয়র্ক টাইমসের প্রতিবেদনে এসব তথ্য উঠে এসেছে। এতে বলা হয়, ইউক্রেনে রুশ আক্রমণ ও কোভিড-১৯ মহামারির জেরে তিন বছর ভোগান্তির পর মাত্র শ্বাস নিতে শুরু করেছে ধনী ও দরিদ্র দেশগুলোর অর্থনীতি। মুদ্রাস্ফীতি (১৫-এর পৃ: দেখুন)



BELLA ISLA MALL

4210 West Broad Street, Columbus, Ohio 43228

We Sell : Luxury Perfumes, Sunglasses, Stylish/Trending Bags & Purses, Cell Phones, Cell Phone Accessories, Toys for Kids,